

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৫১৯৫

করবুক, ১৪ মার্চ, ২০২৪

পঞ্চায়েত উন্নয়ন তহবিল
করবুক ব্লকে ক্ষীড়া সামগ্রী বিতরণ

পঞ্চায়েত উন্নয়ন তহবিলে গতকাল করবুক ব্লকের ২২টি ভিলেজে এক অনুষ্ঠানে ক্ষীড়া সামগ্রী বিতরণ করা হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন করবুক ব্লক উপদেষ্টা কমিটির ভাইস চেয়ারম্যান প্রণব কুমার ত্রিপুরা, বিডিও দিব্যেন্দু দাস, অতিরিক্ত বিডিও রন্নোতোষ কুমার দেব, ডিসিএম অরজিএ দেববর্মা, সমাজসেবী অতীন্দ্র রিয়াৎ, অসীম ত্রিপুরা, সুশীল রিয়াৎ প্রমুখ। অনুষ্ঠানে অতিথিগণ খেলাধূলার গুরুত্ব ও উপকারিতা নিয়ে আলোচনা করেন। অনুষ্ঠানে শেষে অতিথিগণ সংশ্লিষ্ট ভিলেজ ও স্কুলের প্রতিনিধিদের হাতে ক্যারাম বোর্ড এবং ভলিবল তুলে দেন। এজন্য ব্যয় হয়েছে ৩ লক্ষ ৬৫ হাজার টাকা।
